DSA ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

Office fo the Controller of Certifying Authorities

৬.১ পরিচিতি

ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতকরণ এবং ডিজিটাল মাধ্যমে সংঘঠিত অপরাধ শনাক্তকরণ, প্রতিরোধ, দমন, বিচার ও মানবিক বিষয়াদি আইনের আওতায় আনয়নের লক্ষ্যে ২০১৮ সালে ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ প্রণয়ন করা হয়। ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ এর ধারা ৫ অনুযায়ী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন দেশের ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে ১৬ জানুয়ারি ২০১৯ তারিখে প্রজ্ঞাপন জারি'র মাধ্যমে ১ (এক) জন মহাপরিচালক ও ২ (দুই) জন পরিচালকের সমন্বয়ে ডিজিটাল নিরাপত্তা এজেন্সি' গঠিত হয়েছে। ইহা ০৫ ডিসেম্বর ২০১৮ তারিখ হইতে কার্যকর রয়েছে। ডিজিটাল নিরাপত্তা আইন এবং তদধীন প্রণীত বিধির বিধান বাস্তবায়ন কল্পে এজেন্সি'কে প্রয়োজনীয় নির্দেশনা এবং পরামর্শ প্রদানের লক্ষ্যে ডিজিটাল নিরাপত্তা কাউন্সিল গঠন করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী উক্ত কাউন্সিলের চেয়ারম্যান। এজেন্সির ক্ষমতা, দায়িত্ব ও কার্যাবলী নির্ধারণের লক্ষ্যে বিধি প্রণয়ন করা হয়েছে।

৬.১.১ রূপকল্প (Vision)

জনবান্ধব নিরাপদ ডিজিটাল প্রযুক্তি

৬.১.২ অভিলক্ষ্য (Mission)

ডিজিটাল নিরাপত্তার অবকাঠামোগত উন্নয়ন, দক্ষ জনবল বৃদ্ধি, মানদন্ড নির্ধারণ, আন্ত:প্রাতিষ্ঠানিক নীতি বাস্তবায়নের মাধ্যমে ডিজিটাল হুমকি প্রতিরোধ এবং সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানগুলোর মধ্যে সহযোগিতা বৃদ্ধির মাধ্যমে ডিজিটাল নিরাপত্তা সেবাকে উৎপাদনশীল খাত হিসেবে বিকশিত হতে সহায়তা প্রদান।

৬.১.৩ প্রধান কার্যাবলি

(ক) দেশে ডিজিটাল ডিভাইস ও তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সংঘটিত অপরাধ দমন সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও নিয়ন্ত্রণ করা এবং যে কোন তথ্য প্রযুক্তি সংক্রান্ত রাষ্ট্রীয় সংকটকালীন সময়ে সংকট মোকাবিলার নিমিত্ত সংশিষ্ট সংস্থাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা;

(খ) গুরুত্বপূর্ণ ও সংকটাপন্ন তথ্য পরিকাঠামো (CII) এর নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে পরিদর্শন করা এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা;

(গ) তথ্য প্রযুক্তি ভিত্তিক হুমকি মোকাবেলা এবং এ সংক্রান্ত নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে কর্মকৌশল প্রণয়ন ও বাস্তবায়ন নিশ্চিত করা এবং জাতীয় অর্থনীতির বিভিন্ন খাতে তথ্য প্রযুক্তির ব্যবহারিক নিরাপত্তা নিশ্চিত করা;

(ঘ) ডিজিটাল নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে এ সংক্রান্ত বিভিন্ন সংস্থার CERT, Forensic Lab গঠনের নির্দেশনা ও অনুমোদন প্রদান করা এবং কম্পিউটার ইমার্জেন্সী রেসপন্স টিমসমূহের মধ্যে সমন্বয় সাধন ও তত্ত্বাবধান করা;

(ঙ) ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত বিভিন্ন সংস্থা ও প্রতিষ্ঠানকে পরামর্শ ও নির্দেশনা প্রদান করা এবং ডিজিটাল সিকিউরিটির প্রতি হুমকির উৎস অভ্যন্তরীণ নাকি আন্তর্জাতিক তা পর্যবেক্ষন করা এবং সংশিষ্টদের এই বিষয়ে অবহিত করা;

(চ) জাতীয়নিরাপত্তা, প্রতিরক্ষা, বহিঃসম্পর্ক, জনস্বাস্থ্য, জনশৃঙ্খলা ও নিরাপত্তা অথবা প্রয়োজনীয় এবং অপরিহার্য সেবার প্রতি ডিজিটাল সিকিউরিটির হুমকির বিষয়ে সক্রিয় ব্যবস্থা গ্রহণ করা;

(ছ) গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো চিহ্নিতকরণ এবং তা রক্ষণাবেক্ষণের জন্য নিয়োজিত ব্যক্তি/মালিককে এর নিরাপত্তা বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশনা প্রদান করা;

(জ) ডিজিটাল সিকিউরিটি নিশ্চিত করার লক্ষ্যে গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোর মালিকও রক্ষণাবেক্ষণের জন্য নিয়োজিত ব্যক্তির জন্য নির্দেশিকা প্রণয়ণ এবং তা প্রতিপালনের জন্য নিদিষ্ট মানদন্ড প্রস্তুত করা;

(ঝ) ডিজিটাল সিকিউরিটি সংক্রান্ত বিষয়ে আন্তর্জাতিক পরিমন্ডলে সরকারের প্রতিনিধিত্ব করা;

(ঞ) ডিজিটাল সিকিউরিটি সংক্রান্ত ঘটনার বিষয়ে অন্যান্য দেশ ও অঞ্চলের CERTকে সহায়তা প্রদান করা;

(ট) ডিজিটাল সিকিউরিটি সার্ভিস প্রদান কারীদের লাইসেন্স প্রদান এবং সিকিউরিটি সার্ভিসের মানদন্ড নির্ধারন করা এবং দেশে ডিজিটাল সিকিউরিটি সার্ভিস শিল্পের প্রচার, প্রসার ও উন্নয়নের পদক্ষেপ গ্রহণ করা;

(ঠ) ডিজিটাল সিকিউরিটি সংক্রান্ত সার্ভিস, পণ্য এবং এতদসংক্রান্ত বিষয়ে ব্যবহৃত কম্পিউটারের হার্ডওয়্যার ও সফটওয়্যরের মান নির্ধারণ করা। এছাড়াও ডিজিটাল সিকিউরিটি সংক্রান্ত শিল্পের সাথে জড়িত ব্যক্তিদের পেশাগত উৎকর্ষতা বজায় রাখা এবং উন্নতি ও অগ্রগতিতে সহায়তা প্রদান করা;

(ড) ডিজিটাল সিকিউরিটি সংক্রান্ত প্রযুক্তি, গবেষণা ও সার্বিক উন্নয়নে সহায়তা প্রদান করা এবং ডিজিটাল নিরাপত্তার ক্ষেত্রে আন্তর্জাতিক বিভিন্ন প্রতিষ্ঠান ও বিদেশী সরকারের সাথে সরকারের পূর্বানুমোদনক্রমে চুক্তি সম্পাদন, তথ্য আদান-প্রদান ও সহযোগিতা করা;

(ঢ) কম্পিউটার ও কম্পিউটার সিস্টেমের নিরাপত্তা তদারকী ও এ বিষয়ে সক্ষমতা বৃদ্ধি করা;

(ণ) ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারের আয়োজন ও জনসচেতনতা মূলক কার্যক্রম গ্রহণ করা;

(ত) জাতীয় নিরাপত্তা কাউন্সিলের সভা আয়োজন ও সাচিবিক সহযোগিতা করা;

(থ) ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত অন্যান্য কার্যক্রম সম্পাদন করা;

(দ) ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ এর বাস্তবায়ন তদারকি এবং এই সংক্রান্ত প্রতিবেদন সরকারের নিকট দাখিল করা।

৬.২ প্রশাসনিক কাঠামো

ডিজিটাল নিরাপত্তা এজেন্সি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন একটি প্রতিষ্ঠান। এজেন্সির সাংগঠনিক কাঠামো তৈরির কাজ প্রক্রিয়াধীন। একজন অতিরিক্ত সচিব মহাপরিচালক এবং ২ জন কর্মকর্তা পরিচালক হিসেবে অতিরিক্ত দায়িত্ব পালন করছেন।

৬.৩ বাজেট বরাদ্দ ও ব্যয়

২০১৮-১৯ অর্থবছরে মোট বাজেট (অনুন্নয়ন) বরাদ্দ: ২০ লক্ষ টাকা, ব্যয় ১০০%

৬.৪ প্রণীত বিধিমালা

ডিজিটাল নিরাপত্তা এজেন্সি (ক্ষমতা ও কার্যাবলি) বিধিমালা-২০১৯ (খসড়া)

সংরক্ষিত ডাটা সুরক্ষা বিধিমালা-২০১৯ (খসড়া)

৬.৫ উল্লেখযোগ্য কার্যক্রম

ডিজিটাল নিরাপত্তা এবং করণীয় শীর্ষক কর্মশালা আয়োজন।